

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৪১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৬. মিস্বারের কান্নার মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্মানিত করার বিবরণ

بَاب مَا أُكْرِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ حَنِينِ الْمُنْبِرِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُزَيْدٍ، حَدَّثَنَا الْمَسْعُودِيُّ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: حَنَّتِ الْخَشَبَةُ الَّتِي كَانَ يَقُومُ عِنْدَهَا، فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْهَا، وَوَضَعَ يَدَهُ عَلَيْهَا، فَسَكَنتُ

إسناده ضعيف لضعف المسعودي وهو عبد الرحمن بن عبد الله بن عتبة والحديث متفق عليه

বাংলা

৪১. সাহল ইবনু সা'দ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত তিনি বলেন, যে কাষ্ঠখণ্ডটির নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (খুতবার সময়) দাঁড়াতেন, সেটি কাঁপা জুড়ে দিল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উঠে সেটির নিকট গেলেন এবং সেটির উপর তাঁর হাত রাখলেন, এরপর সেটি শান্ত হল।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এ সনদটি যয়ীফ, মাসউদীর দুর্বলতার কারণে। তবে এ হাদীসটি (অন্য সনদে) বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী ৯১৭; মুসলিম ৫৪৪; ইবনু মাজাহ ১৪১৬; ইবনু আবী শাইবাহ ১১/৪৮৫ নং ১১৭৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45806>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন